গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

বিষয়ঃ বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোঃ সিরাজুল হক খান সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
সভার তারিখ	ঃ	২০-০২-২০১৮খ্রি.
সভার সময়	ঃ	বেলা ৩.৩০ টা
সভার স্থান		মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিত কর্মকর্তাগনের তালিকা	ঃ	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট) মুহাম্মদ রূহুল কুদ্দুসকে অনুরোধ করেন।

২। জনাব মুহাম্মদ রূহুল কুদ্দুস, অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ সভাকে অবহিত করেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৪/০২/২০১৮ তারিখের ০৩.০৭৩.০৪৬.০৯.০০.০০২.২০১৮-৫৬ নম্বর স্মারক অনুযায়ী বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ সংক্রান্ত একটি সভা গত ১৮/০২/২০১৮ তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। তিনি ১৮/০২/২০১৮ তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অবহিত করেন। বাংলাদেশ এলডিসি থেকে উত্তরণের নির্ণায়কসমূহ (Gross National Income Per Capita, Human Asset Index Economic Vulnerability Index) অনুযায়ী উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করেছে। এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছেঃ

(ক) ২২ মার্চ, ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নিকট আনুষ্ঠানিকভাবে উত্তরণ সুপারিশপত্র হস্তান্তর, মাননীয় প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিক সম্বর্ধনা প্রদান, ভিডিও ডকুমেন্টারী উপস্থাপন ও স্মারক ডাক টিকেট উম্মোচন করা হবে।

(খ) ২২ মার্চ, ২০১৮ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় ঢাকা শহরকে ৪টি জোনে ভাগ করে নির্দিষ্ট পয়েন্ট হতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ স্ব স্ব উদ্যোগে সু-সজ্জিত বাদকদলসহ বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করবে। স্থানীয় সরকার বিভাগ শোভাযাত্রা আয়োজন সমন্বয় করবে।

(গ) মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ২২ মার্চ, ২০১৮ তারিখ সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সাংস্কৃতিক অনুষ্ঠান উদ্বোধন করবেন।

(ঘ) মাননীয় অর্থ মন্ত্রীর সভাপত্তিতে ২৩ মার্চ, ২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় হোটেল রেডিসন ব্লু তে একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হবে। বিদেশি অতিথি, সুশীল সমাজ, এনজিও এবং বেসরকারী খাতের প্রতিনিধিগণ সেমিনারে অংশগ্রহণ করবেন।

(ঙ) ২২ মার্চ, ২০১৮ হতে ২৬ মার্চ ২০১৮ পর্যন্ত সকল মন্ত্রণালয়/ বিভাগ গুরুত্বপূর্ণ সংস্থা বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে জনগণকে সম্পৃক্ত করে এলডিসি হতে উত্তরণ উদযাপন করবে। জেলা পর্যায়ে আলোচনা সভা/ সেমিনার এবং চিত্র প্রর্দশনী/ ছবি আঁকা আয়োজন করা যেতে পারে।

(চ) সকল মন্ত্রণালয়/বিভাগ গুরুত্বপূর্ণ অর্জনসমূহ লিফলেট, পোষ্টার, ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবে।

(ছ) জেলা পর্যায়ে জনগণকে যে সকল নাগরিক সুবিধা প্রদান করা হয় তা ওয়ান স্টপ সার্ভিসের মত এক জায়গায় এক সপ্তাহের জন্য প্রদান ও প্রদর্শন করতে হবে।

৩। আলোচনায় অংশ গ্রহণ করে অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর জানান যে, সকল কর্মসূচিতে ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত এবং ২২/০৩/২০১৮ তারিখ সকল রোগীদের উন্নত মানের খাবার পরিবেশন করার জন্য সকল হাসপাতাল কর্তৃপক্ষকে নির্দেশনা দেয়া যেতে পারে।

৪। জনাব তন্দ্রা সিকদার, মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর জানান যে, বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ উদযাপনের জন্য নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর সামনে একটি ননস্টপ চিকিৎসা কেন্দ্র স্থাপন এবং সারা দেশের সকল নার্সিং ইনস্টিটিউটে লিফলেট, ব্যানার, পোষ্টার, ফেস্টুন নিয়ে জেলা প্রশাসক ও স্বাস্থ্য অধিদপ্তরের সাথে এ কর্মসূচি যথাযথভাবে পালন করবে।

৫। জনাব মোঃ ফজলুল হক, যুগ্মসচিব (পার-২) সভাকে অবহিত করেন যে, সেবা সপ্তাহ উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ হতে হাসপাতালে মুক্তিযোদ্ধা/দুস্থ/গরীব রোগীদের বিনামূল্যে ব্লাড সুগার, ব্লাড পেশার, ইসিজি, এক্সরে ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা করা যেতে পারে।

৬। জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (হাসপাতাল) জানান যে, ইতোপূর্বে হাসপাতালসমূহে সেবা সপ্তাহ পালনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল কিন্তু তা বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ উদযাপন উপলক্ষ্যে ২০ মার্চ, ২০১৮ হতে ২৬ মার্চ ২০১৮ পর্যন্ত হাসপাতালসমূহে সেবা সপ্তাহের আয়োজন করা যেতে পারে।

৭। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃনং	সিদ্ধান্ত	দায়িত্ব
(১)	জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (হাসপাতাল)কে আহবায়ক করে সকল অনুবিভাগ ও দপ্তরের প্রতিনিধি সমন্বয়ে বাংলাদেশের এলডিসি থেকে উত্তরণ উদযাপনের জন্য একটি কমিটি গঠন করতে হবে;	প্রশাসন অনুবিভাগ
(২)	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঢাকা শহরের নির্ধারিত স্থান হতে স্বাস্থ্য সেবা বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহ কর্তৃক সুসজ্জিত বাদক দলসহ শোভাযাত্রার আয়োজন করতে হবে;	প্রশাসন অনুবিভাগ
(৩)	২০ মার্চ, ২০১৮ হতে ২৬ মার্চ ২০১৮ পর্যন্ত সকল মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা সপ্তাহ পালন করা হবে এবং ২২ মার্চ তারিখে ভর্তিকৃত রোগীদের উন্নতমানের পথ্য সরবরাহ করতে হবে।;	হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
(৪)	সেবা সপ্তাহ উপলক্ষে মুক্তিযোদ্ধা/দুস্থ/গরীব রোগীদের বিনামূল্যে ব্লাড সুগার, ব্লাড পেশার, ইসিজি, এক্সরে ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা করতে হবে;	হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর
(৫)	হাসপাতালসমূহে কর্মরত সকল চিকিৎসক, নার্স, কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত পোষাক পরিধান করে যথাসময়ে হাসপাতালে উপস্থিত থাকতে হবে এবং হাসপাতালগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে;	হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
(৬)	জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আয়োজিত কর্মসূচিতে সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ সংক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন;	প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর,
(৭)	স্বাস্থ্য সেবা বিভাগের উল্লেখযোগ্য অগ্রগতি লিফলেট, ব্যানার, পোষ্টার ও ফেস্টুন ইত্যাদির মাধ্যমে জনগণকে অবহিত করতে হবে;	প্রশাসন অনুবিভাগ, হাসপাতাল অনুবিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
(৮)	সেবা সপ্তাহ উপলক্ষে ভেজাল ঔষধ প্রতিরোধের জন্য বিশেষ অভিযান পরিচালনা করতে হবে;	ঔষধ প্রশাসন আইন অনুবিভাগ, ঔষধ প্রশাসন অধিদপ্তর
(৯)	মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের মেরামতযোগ্য চিকিৎসা সরঞ্জামাদি দ্রুত মেরামত করতে হবে;	চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ
(১০)	সেবা সপ্তাহ উপলক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কমিউনিটি ক্লিনিকগুলি Refurbish করতে হবে; এবং	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তর
(১১)	সর্বত্র উৎসবের আমেজ ফুটিয়ে তুলতে হবে।	সকল অনুবিভাগ, অধিদপ্তর

৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল হক খান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ

নং ৪৫.১৩৯.১১৪.০০.০০.০০৩.২০১৮- ১৭০।১(১) তারিখঃ ২৫-০২-২০১৮খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

২৫/০২/১৮
(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫১২২১২

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। উপসচিব (বাজেট/প্রশাসন-৪/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, ন্যাশনাল ইলেক্ট্রো মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেনান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ), মহাখালী।
৮। ওয়াকর্শপ ম্যানেজার, যানবাহন ও যন্ত্রপাতি সংরক্ষণ সংস্থা (টেমো), ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।